# মাধবপুর উপজেলার উপজেলা ভূমি অফিসের জানুয়ারি/২০২৬ খ্রিঃ মাসের রাজস্ব সভার কার্যবিবরণীঃ-

সভাপতি ঃ জনাব মো: জাহিদ বিন কাশেম
উপজেলা নির্বাহী অফিসার
মাধবপুর, হবিগঞ্জ।

সভার স্থান ঃ উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, মাধবপুর, হবিগঞ্জ।

সভার তারিখ ঃ ২৬/০১/২০২৬ খ্রিঃ।

সময়- ঃ বিকাল ০৪.০০ ঘটিকা।

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। প্রথমে বিগত সভার কার্যবিবরণী পাঠ করে উপস্থিত সকলকে শুনানো হয় এবং তাতে কোন সংশোধনী না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর সভাপতি মহোদয়ের পরামর্শক্রমে সহকারী কমিশনার(ভূমি) কর্তৃক কার্যসূচি অনুযায়ী সভার কাজ পরিচালনা করা হয়। বিগত সভায় যে কয়টি সিদ্ধান্ত ছিল এবং এ পর্যন্ত প্রায় সবকটি সিদ্ধান্ত বাস্তবায়ন হয়েছে। এ সভার আলোচনা ও সিদ্ধান্তসমূহ নিম্নরূপঃ

**উপস্থিত সদস্যদের নামের তালিকাঃ (পরিশিষ্ট 'ক' স্বাক্ষরের ক্রমানুসারে)**

২.১। সংস্থাপন বিষয়াদি

| বিষয় | বিগত মাসে অনিষ্পন্ন দরখাস্ত সংখ্যা | আলোচ্য মাসে প্রাপ্ত দরখাস্ত সংখ্যা | মোট দরখাস্ত সংখ্যা | আলোচ্য মাসে নিষ্পত্তি সংখ্যা | অনিষ্পত্তি | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| চাকুরী স্থায়ী করণ | - | - | - | - | - | |
| টাইম স্কেল | - | - | - | - | - | |
| দক্ষতাসীমা অতিক্রম | - | - | - | - | - | |

২.২। বার্ষিক গোপনীয় অনুবেদন সংক্রান্ত ঃ

| উপজেলার নাম | ২০২২ | | | ২০২৩ | | | ২০২৪ | | | ২০২৫ | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | আছে | নাই | প্রযোজ্য নহে | আছে | নাই | প্রযোজ্য নহে | আছে | নাই | প্রযোজ্য নহে | আছে | নাই | প্রযোজ্য নহে | |
| মাধবপুর | - | - | - | - | - | - | - | - | - | - | - | - | কোন বার্ষিক গোপনীয় অনুবেদন পেন্ডিং নাই। |

২.৩। পেনশন বিষয়ক ঃ অবসর প্রাপ্তির আদেশ হয়েছে এমন কর্মচারীদের বিবরণ ও পেনশন কেসের বর্তমান অবস্থা সংক্রান্ত বিবরণ আলোচ্য মাসে নিম্নরূপ ঃ

| কর্মচারীর নাম পদবী ও সর্বশেষ পদায়ন | অবসর গ্রহণের প্রস্তুতি মূলক ছুটির তারিখ, আদেশের তারিখ ও নম্বর | কেসের বর্তমান অবস্থা |
|---|---|---|
| জনাব মোঃ রইছ আলী, অফিস সহায়ক | - | মৃত কর্মচারীর একাধিক স্ত্রী থাকায় অভিযোগের ভিত্তিতে পেনশন বন্ধ রাখা হয়েছে। |

২.৪। বাজেট প্রনয়ন ও ব্যয় পর্যালোচনা ঃ

উপজেলা ভূমি অফিস ও ইউনিয়ন ভূমি অফিস সমূহের অনুকূলে প্রাপ্ত বরাদ্দ যথা নিয়মে ব্যয় করা হচ্ছে।

চলমান পাতা-

২.৫। রাজস্ব বিভাগের জনবল তথ্য শূন্য পদ পূরণের অগ্রগতি ঃ

এ উপজেলা ভূমি অফিসের জনবল নিম্নরূপঃ-

| ক্রমিক নং | নাম ও পদবী | মঞ্জুরীকৃত পদ | বর্তমানে কর্মরত | শূন্য পদ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০১ | সহকারী কমিশনার (ভূমি) | ০১ | ০১ | ০০ | |
| ০২ | কানুনগো | ০১ | - | ০১ | - |
| ০৩ | প্রধান সহকারী কাম-হিসাব রক্ষক | ০১ | ০১ | ০০ | |
| ০৪ | সার্ভেয়ার | ০১ | ০১ | ০০ | |
| ০৫ | অফিস সহকারী | ০৭ | ০১ | ০৬ | |
| ০৬ | জারীকারক | ০২ | ০১ | ০১ | |
| ০৭ | চেইনম্যান | ০২ | ০১ | ০১ | |
| ০৮ | অফিস সহায়ক | ০২ | ০২ | ০০ | |
| | সর্বমোট | ১৭ | ০৮ | ০৯ | |

আলোচনা ঃ মাধবপুর উপজেলার মত ব্যস্ততম ও গুরুত্বপূর্ণ একটি উপজেলায় কানুনগোসহ মোট ০৯টি পদ শূন্য রয়েছে মর্মে সভায় আলোচনা করা হয়।

সিদ্ধান্ত ঃ- এ উপজেলা ভূমি অফিসের শূন্য পদগুলো বিশেষ করে কানুনগো পদটি জরুরি ভিত্তিতে পূরণের বিষয়ে বিভাগীয় কমিশনার, সিলেট মহোদয় ও জেলা প্রশাসক, হবিগঞ্জ মহোদয়ের সদয় দৃষ্টি আকর্ষণ করা হয়।

২.৬ বিভাগীয় মামলা/শৃঙ্খলা বিধির আওতাধীন মামলা সংক্রান্ত ঃ

বিভাগীয় মামলায় জড়িত এমন কর্মচারী ও তাদের বিরুদ্ধে দায়েরকৃত মামলার বর্তমান অবস্থা সংক্রান্ত বিবরণ নিম্নরূপঃ

| কর্মচারীর নাম ও পদবী ও কর্মস্থল | বিভাগীয় মামলার নম্বর | মামলা রুজুর তারিখ | বর্তমান অবস্থা/মন্তব্য |
|---|---|---|---|
| - | - | - | - |

৩। ভূমি অফিস সমূহের কর্ম সম্পাদন /কর্মতৎপরতাঃ

৩.১। উপজেলা পর্যায়ে মাসিক রাজস্ব সম্মেলন অনুষ্ঠানঃ

| উপজেলার নাম | রাজস্ব সম্মেলন অনুষ্ঠানের তারিখ | সভাপতির নাম ও পদবী |
|---|---|---|
| মাধবপুর | ২৬/০১/২৬ | জনাব মো: জাহিদ বিন কাশেম, উপজেলা নির্বাহী অফিসার, মাধবপুর, হবিগঞ্জ। |

৩.২। উর্দ্ধতন কর্মকর্তা কর্তৃক উপজেলা ও ইউনিয়ন ভূমি অফিস পরিদর্শন ঃ

আলোচ্য মাসে উর্ধতন কর্মকর্তা কর্তৃক এ উপজেলায় উপজেলা ভূমি অফিস ও ইউনিয়ন ভূমি অফিস পরিদর্শনের/দর্শন করা হয়েছে বিবরণ নিম্নরুপঃ

| কর্মকর্তার নাম ও পদবী | উপজেলা ভূমি অফিসের নাম | পরিদর্শনের তারিখ | দর্শনের তারিখ | ইউনিয়ন ভূমি অফিসের নাম | পরিদর্শনের তারিখ | দর্শনের তারিখ |
|---|---|---|---|---|---|---|
| -- | -- | -- | -- | -- | -- | -- |
| | | | | | | |
| | | | | | | |

আলোচ্য ডিসেম্বর/২০২৬ মাসে উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী কমিশনার (ভূমি)/কানুনগো কর্তৃক পরিদর্শন/দর্শন সংক্রান্ত বিবরণ নিম্নরূপঃ

| উপজেলার নাম | কর্মকর্তার নাম ও পদবী | পরিঃ ইউঃ ভূঃ অঃ নাম | পরিদর্শন | দর্শন | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| মাধবপুর | মো: জাহিদ বিন কাশেম<br>উপজেলা নির্বাহী অফিসার | উপজেলা ভূমি অফিস | -- | -- | |
| | | নোয়াপাড়া | ০১ | - | |
| | | আদাঐর | - | ০১ | |
| | | মনতলা | -- | -- | |
| | | মাধবপুর সদর | -- | -- | |
| | | কালিকাপুর | -- | -- | |
| | মো: মুজিবুল ইসলাম<br>সহকারী কমিশনার (ভূমি) | মাধবপুর সদর | -- | ০১ | |
| | | আদাঐর | -- | ০১ | |
| | | মনতলা | ০১ | - | |
| | | কালিকাপুর | ০১ | -- | |
| | | নোয়াপাড়া | -- | -- | |
| | কানুনগো<br>(পদটি শূন্য) | মাধবপুর সদর | -- | -- | |
| | | আদাঐর | -- | -- | |
| | | মনতলা | -- | -- | |
| | | নোয়াপাড়া | -- | -- | |
| | | কালিকাপুর | | | |

৩.৪। উপজেলা পর্যায়ের অফিস সমূহ কর্তৃক দাখিলকৃত নির্ধারিত রিপোর্ট/রিটার্ণ প্রাপ্তি সংক্রান্ত প্রতিবেদনঃ

সিদ্ধান্ত ঃ এ সংক্রান্ত প্রতিবেদন প্রতিমাসের ০১-০৩ তারিখের মধ্যে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

০৪। উপজেলা/ইউনিয়ন ভূমি অফিস এবং রেকর্ড রুম নির্মাণ/পুনঃনির্মাণ/মেরামত সংক্রান্ত ঃ

| উপজেলার নাম | অফিসের প্রকার ও মোট অফিসের সংখ্যা | | নির্মিত অফিস সংখ্যা | সীমানা প্রাচীর/মেরামত /নির্মাণ/পূন নির্মাণের প্রয়োজনীয়তা সম্পন্ন অফিস সংখ্যা | | | | নির্মাণ/মেরামতের অধীন অফিস সংখ্যা। | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | অফিস | সংখ্যা | - | সীমানা প্রাচীর | মেরামত | নির্মাণ | পুনঃ মেরামত | নির্মাণাধীন | মেরামত কার্যাধীন |
| মাধবপুর | উপজেলা | ০১ | - | - | ০১ | - | - | - | - |
| | ইউনিয়ন | ০৫ | - | - | - | - | - | - | - |

০৫। উপজেলা ভূমি অফিস ও ইউনিয়ন ভূমি অফিসের অডিট সংক্রান্ত বিবরণী ঃ

চলতি মাসের বিবরণী নিম্নোক্ত ছকে দেখানো হলোঃ

| উপজেলার নাম | অডিট আপত্তির সংখ্যা | নিস্পত্তিকৃত অডিট আপত্তির সংখ্যা | অনিস্পন্ন অডিট আপত্তির সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|
| মাধবপুর | - | - | - | অডিট আপত্তি নিস্পত্তি করা হয়েছে। |

০৬। আদর্শ গ্রাম/আশ্রায়ন প্রকল্প/আশ্রায়ণ প্রকল্প ফেইজ-২/ গুচ্ছ গ্রাম সংক্রান্ত ঃ

৬.১। আদশ্র গ্রাম সংক্রান্ত ঃ আদর্শ গ্রামের কর্মতৎপরতা সংক্রান্ত বিবরণী নিম্নোক্ত ছকে দেখানো হলো।

| উপজেলার নাম | প্রকল্পের সংখ্যা | পরিবারের সংখ্যা | পুনর্বাসিত পরিবারের সংখ্যা | সম্পাদিত কবুলিয়ত | | সম্পাদিত নামজারীর সংখ্যা | | কবুলিয়ত দলিল হস্তান্তর হয়েছে এমন পরিবারের সংখ্যা | প্রকল্পের বর্তমান অবস্থা |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | হয়েছে | হয়নি | হয়েছে | হয়নি | | |
| মাধবপুর | - | - | - | - | - | - | - | - | - |

৬.২। আশ্রয়ণ প্রকল্প সংক্রান্ত ঃ

| প্রকল্পের নাম | প্রকল্পের সংখ্যা | ব্যারাকের সংখ্যা | রেজিষ্ট্রিকৃত দলিল | | নামজারীকৃত দলিল সংখ্যা | | সম্পাদিত কবুলিয়ত সংখ্যা | | পুনর্বাসিত পরিবারের সংখ্যা | প্রকল্পের বর্তমান অবস্থা |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | হয়েছে | হয়নি | হয়েছে | হয়নি | হয়েছে | হয়নি | | |
| সোনাই আবাসন | ১ | ২ | হয়েছে | - | হয়েছে | - | হয়েছে | - | ২০ | ভাল |

৬.৩ আশ্রয়ন প্রকল্প ফেইজ-২ সংক্রান্ত ঃ

| প্রকল্পের নাম | প্রকল্পের সংখ্যা | ব্যারাকের সংখ্যা | রেজিষ্ট্রিকৃত দলিল | | নামজারীকৃত দলিল সংখ্যা | | সম্পাদিত কবুলিয়ত সংখ্যা | | পুনর্বাসিত পরিবারের সংখ্যা | প্রকল্পের বর্তমান অবস্থা |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | হয়েছে | হয়নি | হয়েছে | হয়নি | হয়েছে | হয়নি | | |
| মাধবীলতা | ১ | ২ | হয়েছে | - | হয়েছে | - | হয়েছে | - | ২০টি | ভাল |
| এক্তিয়ারপুর | ১ | ৮ | - | - | - | - | - | - | ৪০টি | ভাল |

৬.৪ আশ্রয়ন প্রকল্প সংক্রান্ত ঃ

| উপজেলার নাম | গুচ্ছ গ্রামের নাম | গুচ্ছ গ্রাম প্রকল্পের সংখ্যা | পুনর্বাসিত পরিবারের সংখ্যা | বর্তমান অবস্থা |
|---|---|---|---|---|
| মাধবপুর | ধনকুড়া | ০১ | ৩০ | ভাল |

৬.৫ আশ্রয়ন-২প্রকল্প ঃ

| উপজেলার নাম | গুচ্ছ গ্রামের নাম | গুচ্ছ গ্রাম প্রকল্পের সংখ্যা | পুনর্বাসিত পরিবারের সংখ্যা | বর্তমান অবস্থা |
|---|---|---|---|---|
| মাধবপুর | ১ম, ২য় ও ৩য় পর্যায় | -- | ১৮০ | ভাল |
| | ৪র্থ পর্যায় ১০৯টি | -- | ১০৯ | ভাল |

আলোচনা ও সিদ্ধান্ত ঃ আশ্রয়ণ-২ প্রকল্পের আওতায় ৪র্থ পর্যায়ের গৃহহীন ও ভূমিহীন বন্দোবস্তের কার্যক্রম ইতোমধ্যে শেষ হয়েছে এবং মাধবপুর উপজেলাকে গৃহহীন ও ভূমিহীন মুক্ত ঘোষনা করা হয়েছে।

০৭। সার্বিক ভূমি ব্যবস্থাপনাঃ আলোচনা ও সিদ্ধান্তঃ-

৭.১। শ্রেণীবিন্যাস হালনাগাদ করণঃ চলতি বছরে শ্রেণী বিন্যাস হালনাগাদ করণ বিষয়ে প্রাপ্ত তথ্যাদি নিম্নরূপঃ

| উপজেলার নাম | আলোচ্যমাসে হালনাগানকৃত জমির পরিমাণ (একর) | হালনাগাদকৃত মোট জমির পরিমাণ (একর) | উপজেলার পুঞ্জিভূত পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|---|
| মাধবপুর | -- | -- | -- | -- |

৭.২। এডি লাইন

| উপজেলার নাম | দাখিলকৃত কেসের তারিখ | নক্সা অনুমোদনের তারিখ | দরু পয়স্থি জমির পরিমাণ (এঃ) | সিকস্থি জমির পরিমাণ (এঃ) | এডিলাইন সম্পন্নকৃত মোট জমির পরিমাণ | খাজনা মওকুফকৃত জমির পরিমাণ | পয়স্থি জমির শ্রেণী | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| মাধবপুর | -- | -- | -- | -- | -- | -- | -- | -- |

চলমান পাতা-

৭.৩। রাষ্ট্রপতির আদেশ ৯৮/৭২ এবং ভূমি সংস্কার আদেশ এর প্রয়োগ ঃ

| উপজেলার নাম | সিলিং বহির্ভূত মামলার সংখ্যা | উদ্ধারযোগ্য জমির পরিমাণ (একরে) | উদ্ধারকৃত জমির পরিমাণ (একরে) | নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা | অনিষ্পত্তিকৃত মামলার সংখ্যা | উদ্ধার যোগ্য জমির পরিমাণ (একরে) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| মাধবপুর | - | - | - | - | - | - | |

৭.৪ । নামজারী ও জমাভাগ সংক্রান্ত ঃ (মাস-ডিসেম্বর/২০২৫)

| উপজেলার নাম | গত মাসের অনিষ্পন্ন কেস সংখ্যা | | চলতি মাসে দায়ের | | মোট চলমান কেসের সংখ্যা | | বর্তমান মাসে নিষ্পত্তি | | অনিষ্পন্ন কেসের সংখ্যা | | জুলাই/২৫ হতে চলতি মাস পর্যন্ত নিষ্পত্তি সংখ্যা | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| মাধবপুর | ১ম খন্ড | ২য় খন্ড | ১ম খন্ড | ২য় খন্ড | ১ম খন্ড | ২য় খন্ড | ১ম খন্ড | ২য় খন্ড | ১ম খন্ড | ২য় খন্ড | ১ম খন্ড | ২য় খন্ড |
| | ৭৮৭ | - | ১৪৫১ | - | ২২৩৮ | - | ১৩৪৬ | - | ৮৯২ | - | ৬৪২৪ | - |

আলোচনাঃ সভায় নামজারী মামলার বিষয়ে আলোচনাক্রমে নামজারী মামলাগুলো নির্ধারিত ২৮দিনের মধ্যে নিষ্পত্তির সিদ্ধান্ত গৃহীত করা হয়। এ অফিসে শতভাগ ই-নামজারী কার্যক্রম চলমান থাকায় সাব-রেজিষ্টার হতে প্রাপ্ত এল টি নোটিশের উপর কার্যক্রম গ্রহণ করা যাচ্ছে না মর্মে আলোচনায় জানা যায়।

সিদ্ধান্ত ঃ সকল ক্ষেত্রে সরকারি স্বার্থ অক্ষুন্ন রেখে নামজারী মোকদ্দমা ক্রমানুসারে ২৮ দিনের মধ্যে নিষ্পত্তি করার জন্য সংশ্লিষ্ট সকলকে পরামর্শ দেয়া হয়। এসএ ও আরএস পর্চা প্রয়োজনে জেলা রেকর্ড রুম হতে সংগ্রহক্রমে নামজারী আবেদনের সাথে/মামলার সহিত সংযুক্ত করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হয়। যাবতীয় কাগজপত্র মূলকপি থেকে স্ক্যান করে ই-নামজারীর আবেদনের সাথে সংযুক্ত করার জন্য, ভূমি উন্নয়ন করের দাখিলা সংযুক্ত করার জন্য এবং জাল-জালিয়াতি এড়ানোর লক্ষ্যে মুল কাগজপত্র না দেখে কোন নামজারী অনুমোদন না দেয়ার জন্য সভাপতি মহোদয় পরামর্শ প্রদান করেন। সাব-রেজিষ্টার হতে প্রাপ্ত এলটি নোটিশের কার্যক্রম যাতে চালু করা যায় সে বিষয়েও সভাপতি মহোদয় পরামর্শ প্রদান করেন।

৭.৫ : রেকর্ড সংরক্ষণ ও হালনাগাদকরণ ঃ (মাস-ডিসেম্বর/২০২৫)

| উপজেলার নাম | গতমাস হতে আগত নামজারীর পেন্ডিং আদেশ | চলতি মাসে নামজারী সংশোধনের আদেশ সংখ্যা | মোট আদেশ সংখ্যা | চলতি মাসে আদেশ মূলে রেকর্ড হালনাগাদ করণের সংখ্যা | এ বছরের পুঞ্জিভূত রেকর্ড সংশোধনের সংখ্যা | প্রাপ্ত এলটি নোটিশের সংখ্যা | পেন্ডিং আদেশ সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| মাধবপুর | - | ৫৫০ | ৫৫০ | ৫৫০ | ৫৫৩৫ | - | - | |

সিদ্ধান্ত ঃ ২৮ দিনের মধ্যে ই-নামজারী নিষ্পত্তির বাধ্যবাধকতা থাকায় প্রতিবেদনের জন্য প্রেরণকৃত নামজারী মামলার আবেদনগুলোর তদন্ত প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে আবশিকভাবে দাখিলের জন্য সকল ইউএলএও কে বলা হলো ।

৮। বিগত ও বর্তমান বছরে উপজেলা ওয়ারী একই সময়ে ভূমি উন্নয়ন করের দাবী ও আদায়ের তুলনামূলক চিত্র ঃ (মাস-ডিসেম্বর /২০২৫)

৮.১। সাধারণ দাবী ও আদায় ঃ

| উপজেলার নাম | ২০২৪-২০২৫ | | | ২০২৫-২০২৬ (মাস-ডিসেম্বর /২০২৫) | | |
|---|---|---|---|---|---|---|
| মাধবপুর | মোট দাবী | মোট আদায় | আদায়ের হার | মোট দাবী | মোট আদায় | আদায়ের হার |
| | ১,১৫,৬১,৭৮৬/- | ১,৪০,৭৪,১৭৪/- | ১২১.৭৩% | ১,২৬,৯৪,৫৭০/- | ৬৭,৪৩,৫৪১/- | ৫৩.১২% |

৮.২। সংস্থার দাবী ও আদায় ঃ

| উপজেলার নাম | ২০২৪-২০২৫ | | | ২০২৫-২০২৬ (মাস-ডিসেম্বর /২০২৫) | | |
|---|---|---|---|---|---|---|
| মাধবপুর | মোট দাবী | মোট আদায় | আদায়ের হার | মোট দাবী | মোট আদায় | আদায়ের হার |
| | ৭৭,৪৪,০৭৭/- | ৭১,৩৯৪৪১/- | ৯২.১৯% | ৮০,৮৭,৯২২/- | ১৭,৪৫,২৪৪/- | ২১.৫৭% |

৮.৩। উপজেলার মোট দাবী ও আদায় (সাধারণ + সংস্থা)

| উপজেলার নাম | ২০২৪-২০২৫ | | | ২০২৫-২০২৬ (মাস-ডিসেম্বর /২০২৫) | | |
|---|---|---|---|---|---|---|
| | মোট দাবী | মোট আদায় | আদায়ের হার | মোট দাবী | মোট আদায় | আদায়ের হার |
| মাধবপুর | ২,২৮,৩৯,৩৮৩/- | ২,৪২,৬৩,৩৭৪/- | ১০৬.২৩% | ২,৫০,২৮,০৫৭/- | ৯৭,২২,০২৯/- | ৩৮.৮৪% |

আলোচনা ঃ সভায় ২০২৫-২০২৬ অর্থ বছরের ভূমি উন্নয়ন কর আদায়ের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

সিদ্ধান্ত ঃ ২০২৫-২৬ অর্থবছরের ভূমি উন্নয়ন করের দাবীর সমুদয় টাকা আদায় করার জন্য সকল ইউএলএও কে এবং সংস্থার দাবী আদায়ের ক্ষেত্রে প্রত্যেক সংস্থার প্রধান বরাবার পত্র প্রেরণ করার জন্য সকল ইউএলএও/ সহকারীকে বলা হয়। প্রতি মাসের ১৫ তারিখ এবং প্রতি মাসের ২৮/৩০/৩১ তারিখ সকাল ১০.০০ টার মধ্যে আদায়ী প্রতিবেদন এ কার্যালয়ে দাখিলের জন্য সকল ইউএলএও কে বলা হয়, যাতে ঐ দিন বিকালে তথ্যটি জেলা প্রশাসক হবিগঞ্জ মহোদয় বরাবরে প্রেরণ করা যায়। ভূমি উন্নয়ন কর আদায়ের লক্ষ্যমাত্রা পূরণে আন্তরিকভাবে কাজ করার জন্য সংশ্লিষ্ট সকলকে পরামর্শ দেয়া হয়।

চলমান পাতা-

০৯। ভূমি মন্ত্রনালয়ের নিয়ন্ত্রণাধীন বিভিন্ন ধরনের ভূমি ব্যবস্থাপনা পরিবীক্ষণ ঃ

৯.১। এ উপজেলার সরকারী খাস জমি পুনরুদ্ধার সংক্রান্ত ঃ (মাস-ডিসেম্বর /২০২৫)

| খাস/অর্পির্ত/পরিত্যাক্ত | | | অবৈধ দখলের পরিমান (একর) | | | এ মাসে পুনরুদ্ধারকৃত জমির পরিমান (একর) | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| খাস | অর্পিত | পরিত্যাক্ত | খাস (একর) | অর্পিত | পরিত্যাক্ত | খাস | অর্পিত | পরিত্যাক্ত |
| | - | - | ৩৭৫.৬৩৫০ | - | - | -- | - | - |

আলোচনা ও সিদ্ধান্ত ঃ সভায় খাস জমি পুনরুদ্ধার বিষয়ে আলোচনা করা হয়। আরএস রেকর্ড অনুয়ায়ী বর্তমানে কৃষি ও অকৃষি মোট খাস জমির পরিমাণ কত তা আগামী ৭দিনের মধ্যে জানানোর জন্য সকল ইউএলএকে বলা হয়। খাস জমি অবৈধ দখলকারদের তালিকা প্রেরণের জন্য ইউএলও সকল কে নির্দেশ দেয়া হয় এবং প্রয়োজনে অবৈধ দখলকারদের বিরুদ্ধে উচ্ছেদ মোকদ্দমার প্রস্তাব প্রেরণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। উপজেলার সরকারী খাস জমি নিয়ে সভায় আলোচনাক্রমে সরকারি খাস জমিতে যাতে কেহ অবৈধ স্থাপনা নির্মাণ করতে না পারে সে দিকে সজাগ দৃষ্টি রাখতে হবে এবং অবৈধ স্থাপনা নির্মাণ করছে এমন দৃশ্য নজরে পড়লে সাথে সাথে বাধা দিতে হবে এবং খাস জমি পুনরুদ্ধারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সকল ইউএলওকে নির্দেশ প্রদান করা হয়।

৯.২। হাট বাজার পেরীফেরী/চৌহুদ্দী বহালকরণঃ

| উপজেলার নাম | হাট বাজার | তোহা বাজার | চান্দিনা ভিটি | পেরীফেরীকৃত হাটবাজারের সংখ্যা | কেস সমূহ প্রেরণের তারিখ | অনুমোদিত সংখ্যা | অনুমোদনের তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| মাধবপুর | ২৩ | - | ২৪০ " | ২০ | - | - | - | ১। ৩টি বাজার বিলুপ্ত<br>২। দুইটি বাজার পৌরসভার নিয়ন্ত্রণে |

আলোচনা ও সিদ্ধান্ত ঃ সভায় হাট-বাজার নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। এ উপজেলায় মোট ২৪০টি চান্দিনা ভিটির নথি রয়েছে মর্মে জানা যায় এবং অনেকগুলো নথি বাতিল/বাতিলের প্রক্রিয়াধীন আছে মর্মে জানা যায়। ২৪০টির মধ্যে কতটি বাতিল হয়েছে এবং কতটি বাতিলযোগ্য তা সুনির্দিষ্ট করে উপস্থাপনের জন্য সংশ্লিষ্ট সহকারীকে বলা হয়। যে সকল বাজারের ১০বছর আগে পেরিফেরী ম্যাপ তৈরী করা হয়েছিল সে সকল হাট-বাজারের পুনরায় নতুন করে পেরিপেরী ম্যাপ তৈরী করার জন্য সার্ভেয়ারকে পুনরায় বলা হয়েছে এবং আগামী মাসের সভার আগে অন্ততঃ ২/৩টি বাজারের নতুন করে পেরিফেরী ম্যাপ তৈরীর কাজ সমাপ্ত করার জন্য তাকে পুনরায় বলা হয় এবং হাট-বাজারের সরকারি ভূমি যাতে কেহ অবৈধ দখল করতে না পারে সেদিকে সচেষ্ট থাকতে হবে।যে সকল চান্দিনা ভিটি নবায়ন হয়নি সে সকল চান্দিনা ভিটির লীজ গ্রহীতাকে লীজমানি পরিশোধ করার জন্য নোটিশ করে অনুলিপি জেলা প্রশাসক মহোদয় বরাবর প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

৯.৩। সায়রাত মহাল ঃ

| উপজেলার নাম | সায়রাত মহালো প্রকার | মোট সায়রাত সংখ্যা | ১৪৩২ সালে ইজারাযোগ্য মহাল | ১৪৩২ সালে ইজারা প্রদত্ত মহাল | ১৪৩২ সালে মোট ইজারাকৃত অর্থ | ইজারাদারের নিকট পাওনা অর্থের পরিমাণ | ইজারা কার্যক্রমের অধীন সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| মাধবপুর | জলমহাল | ৫৫ | ৪৬ | ০৭টি | ১০,৯০,১১০/- | - | - | ২১টি প্রায় ভরাট<br>৩৬ টি খাস আদায়ে<br>১টি স্বত্ব মামলায় আবদ্ধ |
| | বালুমহাল | ০৭ | ০৭ | ০১ | ৪,৩৩,৬১,১৭৩/- | - | - | |
| | হাটবাজার | ১৮ | ১৬ | ১৪ | ৯৩,৪০,৫২৯/- | - | - | |

আলোচনা ঃ সভায় জলমহাল ও বালুমহাল এর বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

সিদ্ধান্ত ঃ ইজারাকৃত বালুমহালের জায়গা নির্ধারণ করে সাইনবোর্ড টানানো এবং ইজারা বহির্ভূত সরকারি বালুমহাল সমূহ হতে যদি কেহ অবৈধ ভাবে বালু উত্তোলন করে সে বিষয়ে সংশ্লিষ্ট ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা প্রতিবেদন দাখিল করবেন এবং তাদের বিরুদ্ধে নিয়মিত মামলা দায়ের করতে হবে। এ ছাড়া ২০ একরের নিম্নে খননযোগ্য জলমহালের তালিকা জরুরী ভিত্তিতে দাখিল করার জন্য সংশ্লিষ্ট ইউএলএও কে বলা হলো এবং জলমহাল যথাসময়ে ইজারা দিতে হবে।

৯.৪ । খাস কৃষি জমি বন্টন ঃ

উপজেলার কৃষি খাস জমি বন্দোবস্ত (কবুলিয়ত ও রেজিঃ) প্রক্রিয়া ঃ (মাস-ডিসেম্বর/২০২৫)

| উপজেলার নাম | মোট খাস জমির পরিমাণ (একরে) | | মোট বন্দোবস্থযোগ্য জমির পরিমাণ (একরে) | | ০১/০৭/২১ হতে ৩০/০৬/২২ জমি বন্দোবস্থ প্রদানকৃত ভূমিহীন পরিবারের সংখ্যা | ০১/০৭/২১ হতে ৩০/০৬/২২ তারিখ পর্যন্ত কৃষি খাস জমি বন্দোবস্থ প্রদানকৃত খাস জমির পরিমাণ (একরে) | ০১/০৭/২৩হতে এ পর্যন্ত কৃষি খাস জমি বন্দোবস্থ প্রদানকৃত ভূমিহীন পরিবারের সংখ্যা | ০১/০৭/২৩হতে এ পর্যন্ত কৃষি খাস জমি বন্দোবস্থ প্রদানকৃত কৃষি খাস জমির পরিমাণ | ০১/০৭/২৩হতে ৩১/১১/২০২৩ তারিখ পর্যন্ত কবুলিয়ত সম্পাদন হয়েছে এমন পরিবারের সংখ্যা |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | কৃবি | অকৃষি | কৃষি | অকৃষি | | | | | |
| মাধবপুর | ৫৫৪.১৬ | ৪৫৭.৬৭ | ৭২.৭০৫০ | ৩৩৯.১৪ | ১৮৫টি | ৩.৭০ | ১২১টি | ২.৬৮ | ১২১টি |

আলোচনা ঃ সভায় খাস জমি নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনায় জানা যায় খাস জমি সংক্রান্ত তথ্য হালনাগাদ নহে এবং অনেক খাস জমি অবৈধ দখলের পায়তারা চলছে। কৃষি খাস জমি স্থায়ী বন্দোবস্তের জন্য প্রাপ্ত আবেদনগুলির বিষয়েও আলোচনা করা হয়।

চলমান পাতা-

সিদ্ধান্ত ঃ খাস জমি সংক্রান্ত ০৮নং ও ১২নং রেজিস্টার হালনাগাদ করার জন্য সকল ইউএলএও কে পুনরায় নির্দেশ প্রদান করা হয়। মাধবপুর উপজেলা পরিষদের অভ্যন্তরে ও মাধবপুর বাজারের অভ্যন্তরে/আশে পাশে সকল খাস জমি সরেজমিনে দেখে কোন খাস জমি অবৈধ দখল হয়ে থাকলে তা উদ্ধারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সার্ভেয়ার/ইউএলএও কে পুনরায় নির্দেশ দেয়া হয়।

৯.৫। অর্পিত সম্পত্তি মংক্রান্ত ঃ (মাস-ডিসেম্বর/২০২৫)

চলতি মাসের বিবরণী নিম্নে প্রদর্শিত হলোঃ

| উপজেলার নাম | মোট অর্পিত সম্পত্তির পরিমান | লীজকৃত অর্পিত সম্পত্তির পরিমাণ | লীজকৃত কেসের সংখ্যা | দাবীর পরিমান ২০২৫-২০২৬ | | |
|---|---|---|---|---|---|---|
| | | | | বকেয়া | হাল | মোট |
| মাধবপুর | ১০০১.৭১৩৭ | ৩৩৬.৮৯৩৭ | ৩১৬ টি | ১২,০১,৬৮৩/- | ২,২২,৯৩৬/- | ১৪,২৪,৬১৯/- |

| উপজেলার নাম | অলোচ্য মাসে আদায় লীজ নবায়নকৃত সম্পত্তি (একর) | | | বর্তমান বছরে চলতি মাস পর্যন্ত পুঞ্জিভূত আদায় | | | অনাদায়ী টাকা |
|---|---|---|---|---|---|---|---|
| মাধবপুর | নবায়ন সংখ্যা | জমির পরিমান | আদায় (টাকা) | নবায়ন সংখ্যা | জমির পরিমান | আদায় | |
| | ০৪টি | ০.৮৩ একর | ১০,৯৮০/- | ৩১টি | ৭.৮২ একর | ৩,৫৪,৯৭৬/- | ১০,৬৯,৬৪৩/- |

আলোচনাঃ জেলা রাজস্ব সম্মেলনের আলোচনামতে ভিপি লীজভুক্ত মামলা গুলির নবায়নের জন্য লীজিকে তাগিদ/নোটিশ দেয়ার বিষয়ে এবং লীজকৃত ভূমির বর্তমান অবস্থা জানার জন্য ইউএলএও কর্তৃক সরেজমিনে তদন্ত করে ছবিসহ প্রতিবেদন দেয়ার বিষয়ে আলোচনা হয়। অর্পিত সম্পত্তির লীজফি আদায়ে সক্রিয় হওয়ার জন্য সংশ্লিষ্ট সকলকে পরামর্শ প্রদান করা হয়।

সিদ্ধান্ত ঃ চলতি ২০২৫-২০২৬ অর্থ বছরে ভিপি লীজফি আদায় কার্যক্রম জোরদার করার লক্ষ্যে অনাদায়ী ভিপি মামলা গুলো নবায়নের জন্য বকেয়া লীজফি পরিশোধের তাগিদ নোটিশগুলো দ্রুত জারীক্রমে প্রতিবেদনসহ ফেরত প্রদান, তাগিদ নোটিশ যথাযথভাবে জারী করা, জারীকালে প্রতিটি দাগের বর্তমান দখলকার নিশ্চিত করে প্রতিবেদন দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয় এবং নবায়নের আবেদন সমূহ সরজমিনে তদন্ত পূর্বক সুস্পষ্ট মতামতসহ প্রতিবেদন দেয়ার জন্য সার্ভেয়ার/ইউএলএও গণকে নির্দেশ প্রদান করা হয় এবং যে সব মামলার প্রতিবেদন চাওয়া হয়েছে জরুরী ভিত্তিতে প্রতিবেদন দাখিলের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।

১০। ওয়াকফ ও দেবোত্তর সম্পত্তিঃ

| উপজেলার নাম ঃ | ওয়াকফ সম্পত্তির পরিমান (একর) | দেবোত্তর সম্পত্তির পরিমান (একর) | মামলায় জড়িত সম্পত্তির পরিমান | মন্তব্য |
|---|---|---|---|---|
| মাধবপুর | - | - | - | - |

১১। ভূমি হুকুম দখল সংক্রান্ত ঃ ঢাকা-সিলেট মহাসড়কের জন্য মাধবপুর উপজেলাধীন রোড সংলগ্ন কয়েকটি মৌজায় অধিগ্রহণের কাজ চলমান আছে এবং অনেকে ক্ষতিপূরণের অর্থ পাওয়ার জন্য নামজারী আবেদন করছেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।

সিদ্ধান্ত ঃ অধিগ্রহণের আওতাধীন কোন মৌজার ভূমি নামজারীর জন্য আবেদন করা হলে, ক্ষতিপূরণের অর্থ পাওয়ার জন্য নামজারীর আবেদন দ্রুত নিস্পত্তির লক্ষ্যে ৭দিনের মধ্যে সংশ্লিষ্ট ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা ও সার্ভেয়ার যথানিয়মে প্রতিবেদন ও প্রস্তাব দাখিল করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

১২.১। দেওয়ানী মামলার এসএফ প্রেরণ ঃ (মাস-ডিসেম্বর /২০২৫)

| উপজেলার নাম মাধবপুর | গত মাসের আগত | চলতি মাসে প্রাপ্য | মোট | চলতি মাসে প্রেরণকৃত | অবশিষ্ট | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| স্বত্ব মামলা | ১৫ | ০৭ | ২২ | ০৫ | ১৭ | |
| ল্যান্ড সার্ভে | ১২ | ০৫ | ১৭ | ০৫ | ১২ | |

আলোচনা ঃ সভায় পেন্ডিং স্বত্ব মামলা ও ল্যান্ড সার্ভে মামলার জবাব প্রেরণের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

সিদ্ধান্ত ঃ স্বত্ব মামলা ও ল্যান্ড সার্ভে মামলার এসএফ দ্রুত প্রেরণের জন্য সকল ইউএলএকে বলা হয় এবং ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তাগণ কর্তৃক প্রেরিত স্বত্ব মামলা ও ল্যান্ড সার্ভে মামলার এসএফ সংক্ষিপ্ত মতামতসহ দ্রুত প্রেরণের জন্য সহকারী কমিশনার(ভূমি) কে পরামর্শ প্রদান করা হয়।

চলমান পাতা-

১২.৪। রেন্ট সার্টিফিকেট মামলার বিবরণঃ (মাস-ডিসেম্বর/২০২৫)

| উপজেলার নাম | গত মাস পর্যন্ত অনিষ্পন্ন কেসের সংখ্যা | দাবির পরিমাণ | চলতি মাসে দায়ের কৃত মামলার সংখ্যা | দাবীর পরিমান | মোট মামলার সংখ্যা | মোট দাবীকৃত টাকার পরিমান | চলতি মাসে নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা | জুলাই/২৫ হতে আদায়কৃত টাকার পরিমাণ | অনিষ্পত্তিকৃত মামলার সংখ্যা | দাবীর পরিমান |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| মাধবপুর | ০৭টি | ৮১৫৯০০/- | -- | -- | ০৭ | ৮১৫৯০০/- | -- | ৫১৫০০ | ০৭টি | ৮১৫৯০০/- |

১২.৫। সাধারন সার্টিফিকেট মামলা সংক্রান্ত ঃ

| উপজেলার নাম | গত মাস পর্যন্ত অনিস্পন্ন কেস সংখ্যা | চলতি মাসে দায়ের | মোট কেসের সংখ্যা | মোট দাবির পরিমাণ | চলতি মাসের নিষ্পত্তিকৃত কেসের সংখ্যা | জুলাই/২৪ হতে আদায়কৃত টাকার পরিমাণ | অনিস্পন্ন মামলার সংখ্যা। | অনাদারী টাকার পরিমাণ |
|---|---|---|---|---|---|---|---|---|
| মাধবপুর | - | - | - | - | - | - | - | - |

আলোচনা ঃ সভায় সার্টিফিকেট মামলার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

সিদ্ধান্ত ঃ এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয়। যে সকল খাতকের নিকট ৩ বছরের ভূমি উন্নয়ন কর বকেয়া রয়েছে তাদের বিরুদ্ধে দ্রুত সার্টিফিকেট মামলা দায়েরের নিমিত্ত রিকুইজিশন দাখিলের জন্য সকল ইউএলএও কে বলা হয়। পেন্ডিং পুরাতন ৭টি সার্টিফিকেট মামলা দ্রুত নিস্পত্তির জন্য সংশ্লিষ্ট ইউএলএকে বলা হয় এবং খাতকগণ দাবীর টাকা পরিশোধ না করলে প্রয়োজনে মামলাভুক্ত ভূমি খাস করে হলেও পুরাতন সিসি মামলাগুলো নিস্পত্তি করার পরামর্শ দেয়া হয়।

১২.৬। বিনিময় মামলা ঃ কোন আলোচনা নাই।

১৩। সার্বিক ভূমি ব্যবস্থাপনাঃ আলোচনা ও সিদ্ধান্ত ঃ-

১৩.১. উপজেলার সরকারী খাস জমি নিয়ে সভায় আলোচনাক্রমে সরকারি খাস ভূমিতে যাতে কেহ অবৈধ স্থাপনা নির্মাণ করতে না পারে সে দিকে সজাগ দৃষ্টি রাখতে হবে এবং অবৈধ স্থাপনা নির্মাণ করছে এমন দৃশ্য নজরে পড়লে সাথে সাথে বাধা দিতে হবে এবং খাস জমি পুনরুদ্ধারের প্রয়োজনীয় ববস্থা গ্রহণ করতে হবে। প্রতি মাসে অবৈধ খাস জমি উদ্ধারের তথ্য প্রেরণ নিশ্চিত করতে হবে।

১৩.২. যে সকল মৌজার আরএস ভলিয়ম এসেছে সেগুলোর সংশ্লিষ্ট এসএ রেকর্ডের সাথে আরএস রেকর্ডের ১/১নং খতিয়ান ও ১নং খাস খতিয়ান যাচাই করে সঠিকভাবে সরকারের নামে রেকর্ড হয়েছে কিনা আগামী রাজস্ব সম্মলনের পূর্বে প্রত্যেকে কমপক্ষে ২/৩টি মৌজা করে প্রতিবেদন দেয়ার জন্য সকল ইউএলএও কে বলা হলো এবং নামজারীর মাধ্যমে রেকর্ড সংশোধনকালে যে সকল দাগের ভূমি স্থায়ী বন্দোবস্ত দেয়া হয়েছে সেগুলোর পাশে মন্তব্য কলামে "উত্তরাধিকারসূত্র ব্যতিত হস্তান্তর যোগ্য নয়" কথাটি লিখে রাখতে হবে।

১৩.৩.ভিপি সম্পত্তির আদায় বৃদ্ধি করার জন্য লীজ গ্রহীতা বরাবর নোটিশ প্রদান করে অনুলিপি জেলা প্রশাসক, হবিগঞ্জ মহোদয় বরাবর প্রেরণ করতে হবে।

১৩.৪.আরএস রেকর্ড অনুসারে হোল্ডিং খোলে আগামী ১০/০২/২০২৬ তারিখের মধ্যে প্রতিবেদন দাখিলের জন্য সকল ইউএলএও কে বলা হয়।

১৩.৫. কৃষি জমি হতে অবৈধভাবে বালু/মাটি উত্তোলন করলে সংশ্লিষ্ট ব্যক্তিদের বিরুদ্ধে প্রতিবেদন প্রেরণ এবং নিয়মিত মামলা দায়ের করার জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তাদের বলা হয় এবং বালুমহাল সংক্রান্ত পত্রের জবাব দুত উর্দ্ধতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করতে হবে।।

১৩.৬. সেবা প্রত্যাশীগণ যাতে কোনভাবেই হয়রানির স্বীকার না হয় সে বিষয়ে সকলকে আন্তরিকভাবে কাজ করার জন্য অনুরোধ করা হয়।

১৩.৭. যে সকল চান্দিনা ভিটি নবায়ন হয়নি সে সকল চান্দিনা ভিটির লীজ গ্রহীতাকে লীজমানি পরিশোধ করার জন্য নোটিশ করতে হবে। ২ বছরের অধিক সময়ের লীজ নবায়ন করার পূর্বে সরেজমিন তদন্ত করে লীজ নবায়ন করতে হবে।

১৩.৮. সংস্থার দাবী আদায়ের ক্ষেত্রে প্রত্যেক সংস্থার প্রধান বরাবর পত্র প্রেরণ করে জেলা প্রশাসক মহোদয় বরাবর অনুলিপি প্রেরণ করতে হবে এবং প্রয়োজনে ব্যক্তিগতভাবে যোগাযোগ করতে হবে।

১৩.৯. সকল হাট-বাজারের অবৈধ স্থাপনা উচ্ছেদ করতে হবে এবং প্রতিটি হাট-বাজারের পেরিফেরি ম্যাপ আছে কি না তা নিশ্চিত করতে হবে। ১০বছর আগে পেরিফেরী ম্যাপ তৈরী করা হয়েছিল সে সকল হাট-বাজারের পুনরায় নতুন করে পেরিফেরী ম্যাপ তৈরী করতে হবে।

১৩.১০. কৃষি খাস জমি নীতিমালা অনুযায়ী বন্দোবস্ত প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

১৩.১১. অনিস্পন্ন রেন্ট সার্টিফিকেট মামলাগুলো দুত নিস্পত্তি করতে হবে এবং প্রতি মাসে কমপক্ষে ০৩টি সার্টিফিকেট মামলা নিস্পত্তি করতে হবে।

১৩.১২. বাস্তব ভিত্তিক ভূমি উন্নয়ন কর আদায় করতে হবে বিশেষ করে অধিগ্রহণকৃত ভূমির বাস্তব ভিত্তিক ভূমি উন্নয়ন কর আদায় করতে হবে।

১৩.১৩. খাস জমি ও অর্পিত সম্পত্তির তালিকা ফেব্রয়ারি/২৬ মাসের মধ্যে জেলা প্রশাসক, হবিগঞ্জ মহোদয়ের কার্যালয়ে প্রেরণ করতে হবে।

১৩.১৪ ধারা নোটিশ প্রাপ্তির পর কোন জমি নামজারি, হস্তান্তর বা অন্য কোন কাজে ব্যবহারের জন্য জেলা প্রশাসক মহোদয়ের পূর্বানুমোদন নিতে হবে।

১৩.১৫. উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী কমিশনার (ভূমি) কর্তৃক উন্নয়ন প্রকল্পের উদ্দ্যোগ নিতে হবে।

১৩.১৬. ফেব্রুয়ারি/২৬ মাসের মধ্যে রেজি:-২ হালনাগাদ করে সংরক্ষণ করতে হবে।

১৩.১৭. বিবিধ মোকদ্দমার নিস্পত্তির হার বাড়াতে হবে।

১৪। সভার সমাপ্তি ঃ সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকল কে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মো: জাহিদ বিন কাশেম)
উপজেলা নির্বাহী অফিসার
মাধবপুর, হবিগঞ্জ।

স্মারক নং-৩১.৪৬.৩৬৭১.০০১.১১.০০১.২৫. ৬৫ তারিখ: ২৬/০১/২৬ খ্রি:

অনুলিপি সদয় অবগতি/কার্যার্থে প্রেরণঃ

০১। জেলা প্রশাসক, হবিগঞ্জ।

০২। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), হবিগঞ্জ।

০৩। উপজেলা নির্বাহী অফিসার, মাধবপুর, হবিগঞ্জ।

অনুলিপি কার্যার্থে প্রেরণঃ

০৪। কানুনগো/সার্ভেয়ার, উপজেলা ভূমি অফিস, মাধবপুর, হবিগঞ্জ।

০৫। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ............................... (সকল) মাধবপুর, হবিগঞ্জ।

২১/০২/২০২১

(মো: মুজিবুল ইসলাম)
সহকারী কমিশনার (ভূমি)
মাধবপুর, হবিগঞ্জ।